

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কাজিপুর, সিরাজগঞ্জ
kazipur.sirajganj.gov.bd

উপজেলা আইসিটি কমিটি, কাজিপুর, সিরাজগঞ্জ
সেপ্টেম্বর/ ২০২১ সভার কার্যবিবরণী


সভাপতি : মোঃ জাহিদ হাসান সিদ্দিকী, উপজেলা নির্বাহী অফিসার, কাজিপুর, সিরাজগঞ্জ।
স্থান : উপজেলা নির্বাহী অফিসারের কক্ষ, কাজিপুর।
তারিখ : ০৯ সেপ্টেম্বর ২০২১ খ্রি.

সভায় উপস্থিত সকল সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভায় নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ -

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---------|---------------------------|--|--|--------------------|
| ১.১ | করোনা টিকার নিবন্ধন | করোনা মহামারী থেকে রক্ষার জন্য গণপ্রজাতন্ত্রী সরকারের করোনা টিকা প্রদানের নিবন্ধন কার্যক্রম সহজীকরণের জন্য আলোচনা হয়। উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে জন সাধারণকে করোনা টিকা গ্রহণে অনলাইনে নিবন্ধন প্রক্রিয়া সম্পন্ন করতে যেন কোন ভোগান্তির স্বীকার হতে না হয়, সেজন্য আলোচনা করা হয়। | জন সাধারণকে করোনা টিকা গ্রহণে অনলাইন নিবন্ধনে প্রয়োজনীয় সহযোগিতা নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী প্রোগ্রামার |
| ১.২ | ডি-নথি প্রশিক্ষণ পরিচালনা | ডি-নথি প্রশিক্ষণ উপজেলার ২৫ টি অফিসের কর্মকর্তা/ কর্মচারীদের জন্য উপজেলা তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের প্রশিক্ষণ আয়োজনের জন্য আলোচনা করা হয়। পর্যায়ক্রমে উপজেলার অন্যান্য দপ্তরের কর্মকর্তা এবং কর্মচারীরাও প্রশিক্ষণের সুযোগ পাবেন। ইতিপূর্বে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে এবং অন্যান্য দপ্তরের কর্মকর্তা/কর্মচারীদের বিভিন্ন সময়ে এ বিষয়ে সহযোগিতা প্রদান করা হয়। | ডি-নথি বিষয়ক ৩দিন ব্যাপী প্রশিক্ষণ ১৩-১৫ সেপ্টেম্বর ২০২১ আয়োজন করতে সহকারী প্রোগ্রামারকে অনুরোধ জানানো হয় এবং তা সিদ্ধান্ত আকারে গৃহীত হয়। | দপ্তর প্রধানগণ |

| | | | | | |
|-----|-----------------------|------|---|--|----------------|
| ১.৩ | ওয়েব পোর্টালের আপডেট | তথ্য | মাননীয় প্রধান মন্ত্রীর ঘোষিত ডিজিটাল বাংলাদেশ গড়ার অংশ হিসেবে জনগণের তথ্য সেবা নিশ্চিত করতে ওয়েব পোর্টালে নিয়মিত তথ্য আপডেট করা এবং প্রতিটি সরকারী দপ্তরের চলমান কার্যক্রম ডিজিটাল মাধ্যমে উপস্থাপন করার জন্য নিজ দপ্তরের ওয়েব পোর্টালে নিয়মিত আপডেটের গুরুত্ব বিষয়ে আলোচনা হয়। | উপজেলা ও ইউনিয়নে প্রতিটি দপ্তরের প্রধানগণ তার কার্যালয়ের ওয়েব পোর্টাল সংক্রান্ত যাবতীয় তথ্য হালনাগাদ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | দপ্তর প্রধানগণ |
|-----|-----------------------|------|---|--|----------------|

পরিশেষে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে ও প্রতিমাসের সভাতে নিয়মিত উপস্থিতির আমন্ত্রণ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



(মোঃ জাহিদ হাসান সিদ্দিকী)
উপজেলা নির্বাহী অফিসার
ও

সভাপতি
উপজেলা আইসিটি কমিটি
কাজিপুর, সিরাজগঞ্জ।
ফোনঃ ০৭৫২৫-৫৬১১১
unokazipur@mopa.gov.bd

স্মারক নম্বরঃ ৫৬.০৪.৮৮৫০.০০০.১৯.০২১.২০

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে-

১. জেলা প্রশাসক, সিরাজগঞ্জ।
২. অতিরিক্ত জেলা প্রশাসক(আইসিটি), সিরাজগঞ্জ।
৩. প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, সিরাজগঞ্জ।
৪. কাজিপুর, সিরাজগঞ্জ।


(মোঃ আলাউদ্দিন মোল্লা দিপু)
সহকারী প্রোগ্রামার
ও

সদস্য সচিব
উপজেলা আইসিটি কমিটি
কাজিপুর, সিরাজগঞ্জ।
মোবাইলঃ ০১৭০১৭৭৬৩৫৩
alauddin.molla@doict.gov.bd